গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
২১/এ, ক্ষিতিশ রায় রোড, কাঁচিঝুলি (জেল রোড), ময়মনসিংহ।
ওয়েব সাইটঃ www.dnc.mymensinghdiv.gov.bd

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং সংক্রান্ত বিভাগীয় মনিটরিং কমিটির ১২ তম সভার কার্যবিবরণী

সভাপতি : মো: মোখতার আহমেদ, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
স্থান : বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ : ২৬.০৬.২০২৫; বেলা ১২:৪০ টা।
সভায় অংশগ্রহণকারী কর্মকর্তা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত ১১ তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কোনো সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক জেলা প্রশাসকগণ এবং কমিটির অন্যান্য সদস্যরা যদি নিয়মিতভাবে নিরাময় কেন্দ্রগুলি পরিদর্শন করে তবে মনিটরিং সহজ হবে। সভায় সকল সদস্য একমত পোষণ করেন।</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ পরিদর্শনকারী কর্মকর্তাগণকে নির্ধারিত 'ছক' সরবরাহ করবেন। উক্ত 'ছক' অনুযায়ী কমিটির সদস্যগণকে নিম্নোক্ত মাদকাসক্ত নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
<table>
<tr><th>ক্রম</th><th>নিরাময় কেন্দ্রের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম ও ঠিকানা</th><th>পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী</th></tr>
<tr><td>১</td><td>নির্বাহী পরিচালক, ঠাই, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ১১০ সেহড়া ডিবি রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৮৯-১৩০১৪৬</td><td rowspan="2">বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ</td></tr>
<tr><td>২</td><td>পরিচালক, নিউ ডিএমডিসি, মাদকাসক্তি নিরাময় কেন্দ, ৩০৬/৩৭, আমিরাবাদ মাসকান্দা, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৮-১৬৩১৬১ অথবা ০১৮৪৫৯৭৩৫৪৪।</td></tr>
<tr><td>৩</td><td>নির্বাহী পরিচালক, প্রাপ্তি, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, সানকিপাড়া, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৬-৭৩৪৪১৩।</td><td rowspan="2">ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ</td></tr>
<tr><td>৪</td><td>পরিচালক, সাদ, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৬০/ক/৩, গণশার মোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৮৪৬-৪৯২৩৪৬</td></tr>
<tr><td>৫</td><td>হাফিজ খান, চেয়ারম্যান, 'পপুলার', মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, কেওয়াটখালী, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৬৩-৫৪৯২৬৫।</td><td rowspan="3">জেলা প্রশাসক, ময়মনসিংহ</td></tr>
<tr><td>৬</td><td>জনাব মোঃ সাদেকুর রহমান, নির্বাহী পরিচালক, আইডিয়া মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭২৭-০৪৮৩৭০।</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ আমিনুল ইসলাম, পরিচালক, পারাপার মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৩১-৮৮৩৭৫৯</td></tr>
<tr><td>৮</td><td>জনাব মোঃ আকলেছুর রহমান, নির্বাহী পরিচালক, ''রিলেশন'' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, কথাকলি মার্কেট, (মৌরীভবন), জামালপুর। মোবা- ০১৭২৬-৫৬৬৫৪৬</td><td rowspan="5">জেলা প্রশাসক, জামালপুর।</td></tr>
<tr><td>৯</td><td>জনাব মোঃ মাহমুদুল করিম, নির্বাহী পরিচালক, ''সম্ভব'' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুপিবাড়ী (লুইসপাক © সংলগ্ন, বেলটিয়া, জামালপুর। মোবা- ০১৭১২-৪১০৫৪৭।</td></tr>
<tr><td>১০</td><td>জনাব সৈয়দ শাহেদ উদ্দিন আহম্মেদ, চেয়ারম্যান, 'ইচ্ছা' মাদকাসক্তি চিকিৎসা কেন্দ্র, শেখের ভিটা (মির্জা আজম চত্তর), জামালপুর সদর, জামালপুর। মোবাইল- ০১৭২০-২৪৮০৯৬।</td></tr>
<tr><td>১১</td><td>বীর মুক্তিযোদ্ধা আকরাম হোসেন, চেয়ারম্যান, 'আবাবিল' মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, শেরপুর জামালপুর ব্রীজ (সংলগ্ন), ছনকান্দা, জামালপুর সদর, জামালপুর। মোবাইলঃ ০১৭২০-৪৫০৪১০।</td></tr>
<tr><td>১২</td><td>জনাব মোঃ কামাল হোসেন খান, চেয়ারম্যান, তরী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, পুলিশ লাইন্স রোড়, কুরপাড়, নেত্রকোণা। মোবাঃ-০১৭২০-৪৪৯২৫১</td><td rowspan="2">জেলা প্রশাসক, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৩</td><td>জনাব এ, কে, এম মাজহারুল ইসলাম (কিরণ), নির্বাহী পরিচালক, পরিবর্তন, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, ২৩২/০৩, দক্ষিণ কাটলী সদর হাসপাতাল রোড়, নেত্রকোণা। মোবাঃ-০১৭১২-১৪৩৫৩৪</td></tr>
</table>
</td><td>বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)</td></tr>
</table>

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		১৪ জনাব মোঃ মাহবুব আলম, নির্বাহী পরিচালক, স্বপ্ননীড় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খন্দকার ভিলা, ৫৮৬, দক্ষিণ, সাতপাই, সদর, নেত্রকোণা। মোবাঃ-০১৭১৬-৩৭৮৮৭২	
		১৫ জনাব মেহের খান অপু, চেয়ারম্যান, সজন, মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র, চাপাতলী, শেরপুর। মোবাইল নম্বরঃ ০১৭১২-২৫১১৫৭।	
		১৬ জনাব মোঃ সাহিদুর রহমান, নিউ নিরোধ মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, গৌরিপুর, শেরপুর। মোবাইল-০১৭১২-২৫১১৫৭	জেলা প্রশাসক, শেরপুর।
		১৭ জনাব মোঃ রিজুয়ানুল আলম, "সুরক্ষা" মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, উপজেলা পরিষদ সংলগ্ন পূর্ব শেরী, শেরপুর সদর, শেরপুর। মোবাইল নম্বরঃ ০১৭৯৩-৬৫৯৫৩৭	
		১৮ মোঃ মাহাবুল আলম (মানিক), **ঠিকানা,** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-৮৩০৫৬৪।	
		১৯ মোছাঃ রুবিয়া খাতুন, পরিচালক, **'রোকিয়া আলো'** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ওয়াপদা রোড, ৮ নং ওয়ার্ড, ভালুকা, ময়মনসিংহ। মোবাইল নম্বরঃ ০১৭১১-৫১৭০০৯।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ
		২০ পরিচালক, **সিড়ি,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৭০-২৭৩৫৯৬	
		২১ নির্বাহী পরিচালক, **সাকো,** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ২৪১/২, নুরানী মসজিদ রোড, ময়মনসিংহ । মোবাইলঃ ০১৭১১-১৮৮০৮৫।	পুলিশ সুপার, ময়মনসিংহ
		২২ চেয়ারম্যান, **আলোকিত জীবন,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, জেল রোড, ময়নসিংহ। মোবাইলঃ ০১৭২৭-৯৭৭৩৭০	
		২৩ চেয়ারম্যান, **সেতু,** মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, ৩৪/২, পূর্ব গোহাইল কান্দি। ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১৬-৯২৪৩৫৮।	পরিচালক, স্বাস্থ্য, ময়মনসিংহ বিভাগ
		২৪ জনাব সুলতান আরেফিন বাপ্পী, পরিচালক, **সাকসেস,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ২৭/বি, মাসকান্দা, নতুন বাজার, পশ্চিম-উত্তর, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১০-৪০৪৩০৯।	
		২৫ পরিচালক, **উইনার,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চরপাড়া, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-১৬৮৫৬৩।	উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ
		২৬ মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক, **স্পর্শ,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৩/২, ইটাখলা রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭১২-৭৭৪০৬৬, ০১৬৭৩-৩১০৯৫৭	
		২৭ পরিচালক, **প্রভাত ফেরী,** মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭৬০-২০৬৩৬২।	উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ
		২৮ নির্বাহী পরিচালক, **নীড়,** মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, নীড় ২৯০/১৯, মাসকান্দা (উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সংলগ্ন), ঢাকা রোড, ময়মনসিংহ। মোবাইলঃ ০১৭২৮-০৪২২১৫	
২	ময়মনসিংহ বিভাগের আওতাধীন ২৮ টি লাইসেন্সভুক্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আছে। উক্ত কেন্দ্রগুলোর লাইসেন্স যথাসময়ে নবায়ন করতে হবে।	বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোর লাইসেন্স নিয়মিত নবায়নপূর্বক হালনাগাদ রাখতে হবে।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ।
৩	বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বলেন, যে সমস্ত রোগী নিরাময় কেন্দ্র সমূহে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করছেন, তারা কি আদৌ সুস্থ হচ্ছেন কিনা? চিকিৎসা প্রাপ্ত মাদকাসক্তদের মধ্যে কতজন স্বাভাবিক জীবনে ফিরতে পারছেন? চিকিৎসা শেষে তারা পরিবারের নিকট ফিরে গিয়ে পুনরায় আবার মাদকাসক্ত হয়ে পড়ছেন কিনা এর কোন পরিসংখ্যান আছে কিনা? এর জবাবে অতিরিক্ত পরিচালক, ময়মনসিংহ বলেন, বেসরকারি নিরাময় কেন্দ্র সমূহ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গড়ে শতকরা ৪০ (চল্লিশ) জন মাদকাসক্ত ব্যক্তি নিরাময়কেন্দ্র সমূহ থেকে চিকিৎসা গ্রহণ করে সুস্থ হচ্ছেন। বাকীরা আবারও মাদকাসক্ত হয়ে পড়ছেন। অনেকে আবার ২য় বার, কেউ কেউ ৩য় বারও চিকিৎসা গ্রহণ করে সুস্থ হওয়ার চেষ্টা করছেন।	নিরাময় কেন্দ্রগুলি যাতে উপযুক্ত চিকিৎসা দ্বারা চিকিৎসা প্রদান করে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সঠিক চিকিৎসা এবং নিয়মিত কাউন্সিলিং করলে রিল্যাপ্স (Relapse) কমে যাবে মর্মে বিভাগীয় কমিশনার মতামত প্রদান করেন।	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)
৪	ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ বলেন, সরকারিভাবে কোন নিরাময় কেন্দ্র ময়মনসিংহে আছে কিনা? বেসরকারিভাবে যে সমস্ত নিরাময় কেন্দ্রগুলি পরিচালিত হচ্ছে, তাদের সেবার মান কেমন? এই প্রতিষ্ঠানগুলি থেকে কি পরিমাণ মাদকাসক্ত ব্যক্তি চিকিৎসা গ্রহণ করছে তার কোন পরিসংখ্যান আছে কিনা? অনেক সময় অভিযোগ আসে, প্রতিষ্ঠান যারা পরিচালনা করে তারা রোগীদের মারধর করে,	বেসরকারি নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। কোন নিরাময় কেন্দ্রে যেন কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে কঠোর মনিটরিং অব্যাহত রাখতে হবে। সরকারি নিরাময় কেন্দ্রটির কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়টির প্রতি গুরুত্বআরোপ করা হ'ল। ইতোমধ্যে ময়মনসিংহ ময়মনসিংহ বিভাগসহ ০৭ টি বিভাগীয় শহরে সরকারি নিরাময় কেন্দ্রের	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	বিষয়টির সত্যতা কতটুকু? প্রতিটি প্রতিষ্ঠান সঠিকভাবে মনিটরিং করা হয় কিনা? এ প্রসঙ্গে অতিরিক্ত পরিচালক, ময়মনসিংহ বলেন, সরকারিভাবে কোন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ময়মনসিংহে নেই, তবে ২০০ শয্যার একটি সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার প্রজেক্ট চলমান আছে, ইতোমধ্যে প্রকল্পটি একনেক সভায় অনুমোদিত হয়েছে। বেসরকারিভাবে যে সমস্ত নিরাময় কেন্দ্র পরিচালিত হচ্ছে সেখান থেকে চিকিৎসা গ্রহণ করে গড়ে ৪০% রোগী সুস্থ হচ্ছে, বাকীরা আবার রিল্যাপ্স(Relapse) করছে। গত এক বছরে ১,৫৮১ জন রোগী ২৮ টি নিরাময় কেন্দ্র থেকে চিকিৎসা গ্রহণ করে, তার মধ্যে ৬৩৫ জন সুস্থ আছে মর্মে নিরাময় কেন্দ্রের প্রদত্ত তথ্য থেকে জানা যায়। মারধরের ঘটনা ঘটে না তবে চিকিৎসার শুরুতে রোগীরা একটু উগ্র থাকে, তাদেরকে বিভিন্নভাবে ম্যানেজ করতে হয়, প্রতিনিয়তই অতিরিক্ত পরিচালক এবং স্ব স্ব জেলা কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিতভাবে নিরাময় কেন্দ্র সমূহ মনিটরিং করা হচ্ছে।	প্রস্তাব একনেক সভায় অনুমোদিত হয়েছে। সরকারিভাবে নিরাময় কেন্দ্রটি স্থাপিত হলে চিকিৎসার মান সন্তোষজনক হবে।	
৫	পরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল সভায় উপস্থাপন করেন নিরাময় কেন্দ্রগুলি পরিদর্শনের সময় যদি সিভিল সার্জন নিজে কিংবা তার প্রতিনিধি উপস্থিত থাকে তাহলে সঠিকভাবে চিকিৎসা কার্যক্রমসহ মনিটরিং সহজ হয়। এ বিষয়ে অতিরিক্ত পরিচালক সভাকে অবহিত করেন, জেলা মনিটরিং কমিটির সদস্য জেলা সিভিল সার্জন, অতএব জেলা প্রশাসক মহোদয়গণ যখন নিজ নিজ জেলায় অবস্থিত নিরাময় কেন্দ্রসমূহ পরিদর্শন করবেন তখন সিভিল সার্জন মহোদয়গণকে সাথে নিয়ে গেলে আলোচ্য বিষয়টি সহজ হবে।	নিরাময় কেন্দ্র পরিদর্শনের সময় জেলা সিভিল সার্জন অথবা তার একজন উপযুক্ত প্রতিনিধিকে সাথে নিয়ে পরিদর্শন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের বিভাগীয় মনিটরিং কমিটি (সকল সদস্য)
৬	ত্রৈমাসিক ভিত্তিতে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত ও চিকিৎসা শেষে ছাড়কৃত রোগীদের তথ্য নিয়মিতভাবে সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়।	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত ও চিকিৎসা শেষে ছাড়কৃত রোগীর তথ্য প্রতি ত্রৈমাসিক সভায় নিয়মিতভাবে উপস্থাপন করতে হবে।	অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ।

অতঃপর সভাপতি সকলকে আন্তরিকতার সাথে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান এবং নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শনের জন্য কমিটির সকলকে অনুরোধ করেন।

২০/০৭/২০২৫

(মোঃ মোখতার আহমেদ)
সভাপতি
বিভাগীয় মনিটরিং কমিটি
ও
বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
ই-মেইলঃ
divcommymensingh@mopa.gov.bd

নং ৫৮.০২.৪৫০০.০৬০.০৬.০২১.২২-৩১৮

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩২ / ১০ জুলাই, ২০২৫

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
৪। পরিচালক (প্রশাসন/অপারেশন্স ও গোয়েন্দা/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৭। পরিচালক, স্বাস্থ্য বিভাগ, ময়মনসিংহ।
৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৯। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ।
১০। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।
১১। ----------
১২। অফিস কপি/মাস্টার কপি।

২০/৭/২০২৫

(মোঃ জাফরুল্ল্যাহ (কাজল)
সদস্য সচিব
বিভাগীয় মনিটরিং কমিটি
ও
অতিরিক্ত পরিচালক, মা.নি.অ, ময়মনসিংহ।
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪
E-mail: dncmymensinghdivision@gmail.com